

বাংলা একাডেমির ফেলোশিপ পেলেন আট গুণী

■ সমকাল প্রতিবেদক

নিজ নিজ ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ বাংলা একাডেমির সম্মানসূচক ফেলোশিপ পেলেন দেশের আট গুণী ব্যক্তিত্ব। তারা হলেন- শিল্প-সংস্কৃতিতে, সৈয়দ হাসান ইয়াস, প্রশাসনিক দক্ষতা ও অর্থনীতিতে এটিএম শামসুল হুদা; মুক্তিযুদ্ধ ও লোকজ্ঞ ভাষ্যবর্কলয় ফেরদৌসী প্রিটভাষিণী, গ্রন্থ বিয়েটার আন্দোলন, নাট্য ও চলচ্চিত্র, নির্দেশনা এবং প্রগতিশীল আন্দোলনে নাসির উদ্দীন ইউসুফ; বঙ্গবন্ধুর গবেষণামূলক, জীবনী রচনা এবং সংস্কৃতি আন্দোলনে মোনায়েম সরকার, সাহিত্য সৃষ্টাদর্শ এবং প্রগতিশীল সংস্কৃতি আন্দোলনে আবুল হাসনাত, উচ্চাঙ্গ সঙ্গীতে ওগাদ গায়দত হোসেন খান ও গণসঙ্গীতে বিশেষ অবদানে ফকির আলমগীর। গতকাল শুক্রবার বাংলা একাডেমির ৩৬তম বার্ষিক সাধারণ সভায় এ গুণীজনদের হাতে ফেলোশিপের স্মারক ও উপহার সামগ্রী তুলে দেন বাংলা একাডেমির সভাপতি ইমেরিটাস প্রফেসর আনিসুজ্জামান এবং মহাপরিচালক শামসুজ্জামান খান।

সাধারণ সভায় সভাপতিত্ব করেন একাডেমির সভাপতি অধ্যাপক আনিসুজ্জামান। সভায় ২০১২-১৩ সালের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করেন একাডেমির মহাপরিচালক শামসুজ্জামান খান।

অনুষ্ঠানে বাংলা একাডেমি প্রবর্তিত চারটি পুরস্কার দেওয়া হয়। বাংলা কবিতায় বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ বেলাল চৌধুরীকে মহফাজরুল ইসলাম কবিতা পুরস্কার ২০১৩ দেওয়া হয়। তার পক্ষে এ পুরস্কার গ্রহণ করেন তার ভ্রাতৃসুত্র রফিক উম্ম শূনীর চৌধুরী। 'গাছের কথা ফুলের কথা'- গ্রন্থ রচনার জন্য অধ্যাপক যিজেন শর্মা কে হানীয়া-শরফুদ্দীন বিজ্ঞান লেখক পুরস্কার '১৪১৮-১৪১৯' দেওয়া হয়। বৈদিক বিজ্ঞান গবেষণা ও বিজ্ঞান সাহিত্য রচনায় অবদানের স্বীকৃতিস্বরূপ অধ্যাপক এ এম হারুন অর রশীদকে মেহের কবীর বিজ্ঞান সাহিত্য পুরস্কার ২০১২ দেওয়া হয়। কথাসাহিত্যে অবদানের স্বীকৃতিস্বরূপ আহানারা নওশিনকে সাদত আশী আশন্দ সাহিত্য পুরস্কার ২০১২ এবং কবিতায় বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ কবি কাজী রোহীকে সাদত আশী আশন্দ সাহিত্য পুরস্কার ২০১৩ দেওয়া হয়। তাদের হাতে পুরস্কারের অর্থমূল্য, সম্মাননা স্মারক, প্রশংসাপত্র ও ফুল তুলে দেন আনিসুজ্জামান এবং শামসুজ্জামান খান।

সভায় উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত, সাবেক প্রধান উপদেষ্টা বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান, আটর্নি জেনারেল মাহবুবুল আপস, ভাষাসংগ্রামী আহমদ রফিক, অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন, প্রবীণ সাংবাদিক ডিপি খড়্গা, মন্ত্রিপরিষদ সচিব মোশাররাফ হোসাইন জুইজা, বিটিভির মহাপরিচালক ম. হামিদসহ আরও অনেক বিশিষ্টজন।